# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৭০

২৯/ পানীয় (كتاب الأشربة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ নেশা সৃষ্টিকারী সব কিছুই হারাম।

## باب مَا جَاءَ كُلُّ مُسْكِرٍ حَرَامٌ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ بْنُ أَسْبَاطِ بْنِ مُحَمَّدٍ الْقُرَشِيُّ الْكُوفِيُّ، وَأَبُو سَعِيدٍ الأَشَجُّ قَالاَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ إِدْرِيسَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو، عَنْ أَبِي سَلَمَةَ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ سَمِعْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم يَقُولُ " كُلُّ مُسْكِرٍ حَرَامٌ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عُمَرَ وَعَلِيٍّ وَابْنِ مَسْعُودٍ وَأَنَسٍ وَأَبِي سَعِيدٍ وَأَبِي مُوسَى وَالأَشَجِّ الْعَصَرِيِّ وَدَيْلَمَ وَمَيْمُونَةَ وَابْنِ عَبَّاسٍ وَقَيْسِ بْنِ سَعْدٍ وَالنُّعْمَانِ بْنِ بَشِيرٍ وَمُعَاوِيَةَ وَوَائِلِ بْنِ حُجْرٍ وَقُرَّةَ الْمُزَنِيِّ وَعَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ وَأُمِّ سَلَمَةَ وَبُرَيْدَةَ وَأَبِي هُرَيْرَةَ وَعَائِشَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . وَقَدْ رُوِيَ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ وَكِلاَهُمَا صَحِيحٌ رَوَاهُ غَيْرُ وَاحِدٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ وَعَنْ أَبِي سَلَمَةَ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم .

বাংলা

১৮৭০। উবায়দা ইবন আসবাত ইবনু মুহাম্মদ কুরাশী ও আবূ সাঈদ আশাজ্জ (রহঃ) ... ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, প্রত্যেক নেশা সৃষ্টিকারী বস্তই হারাম। সহীহ, ইবনু মাজাহ ৩৩৮৭, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৬৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উমার, আলী, ইবনু মাসউদ, আবূ সাঈদ, আবূ মূসা, আশাজ্জ উসারী, দায়লাম, মায়মূনা, আয়িশা ইবনু আব্বাস, কায়স ইবনু সা’দ, নু’মান ইবনু বাশীর, মুআবিয়া, আবদুল্লাহ ইবনু মুগাফফাল, উম্মে সালামা, বুরায়দা, আবূ হুরায়রা, ওয়াইল ইবনু হুজর ও মুযানী রাদিয়াল্লাহু আনহুম থেকে হাদীস বর্ণিত আছে।

উক্ত হাদীসটি হাসান। আবূ সালামা-আবূ হুরায়রা-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে অনুরূপ হাদীস বর্ণিত

আছে। উভয় রিওয়ায়াতই সহীহ। একাধিক রাবী এটিকে মুহাম্মদ ইবনু আমর-আবূ সালামা-আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন। আবূ সালামা-ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে তা বর্ণিত আছে।

## English

Narrated Ibn 'Umar:

That the Prophet (ﷺ) "Every intoxicant is unlawful."

He said: There are narrations on this topic from 'Umar, 'Ali, Ibn Mas'ud, Anas, Abu Sa'eed, Abu Musa, Al-Ashajj, Al-Asri', Dailam, Maimunah, 'Aishah, Ibn 'Abbas, Qais bin Sa'd, An-Nu'man bin Bashir, Mu'awiyah, 'Abdullah bin Mughaffal, Umm Salamah, Buraidah, Abu Hurairah, Wa'il bin Hujr, and Qurrah Al-Muzani.

[Abu 'Eisa said:] This Hadith is Hasan. Similar was reported from Abu Salamah, from Abu Hurairah, from the Prophet (ﷺ). Both of these are Sahih. More than one narrator reported similarly from Muhammad bin 'Amr, from Abu Salamah, from Abu Hurairah, from the Prophet (ﷺ), and from Abu Salamah, from Ibn 'Umar, from the Prophet (ﷺ).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22846

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন